


# চাপের পোনা

UKaid from the British people

United Purpose Out of poverty

CGIAR RESEARCH PROGRAM ON Fish

WorldFish


আজিম ভাই তুমি এখনো পোনা বেচতে যাও নাই? তুমি তো মারাত্মক লসে পড়বা
দেখি কি হয়!


চাচা...
১০ কেজি খাবার
দেন
আমি শীতে
চাপের পোনা করে
রাখতে চাই
তুমি এখনো
খাবার দিচ্ছ। পোনা
বেচবে কবে?


আজিম ভাই দাঁড়াও। চাপের পোনা আবার কী?
শীতকালে অল্প জায়গায় বেশি পরিমাণে পোনা মজুদ রেখে পালন করাকে চাপের পোনা বলে


শীতে মাছগুলো রোগা হয়ে যাবে এবং বাড়তি খাবার নষ্ট করবে। পরে কিন্তু বিপদে পড়বা
খোরশেদ ভাই। আমি আলি ভাইয়ের পরামর্শ নিয়ে তবেই একাজ করছি


কী পরামর্শ আজিম?
নতুন পোনা বানানো শিখছি। শীতে পোনার যত্ন নেই। নলকূপ দিয়ে পানি দিই। বেশি শীতে (১৮° সেন্টিগ্রেড নিচে) মাছের খাবার দেওয়া বন্ধ রাখি
ডিসেম্বর-জানুয়ারি মাসে মাছের ওজনের ১-২% ভালো মানের নার্সারি ও স্টাটার খাদ্য প্রয়োগ করি। শীতের পর আস্তে আস্তে মাছের খাবার পরিমাণ বাড়াতে হবে
প্রতি মাসে প্রতি শতাংশে ২০০ গ্রাম চুন, ২০০ গ্রাম লবণ, ২ গ্রাম জীবাণুনাশক প্রয়োগ করি


তোমরা কি আজিমের চাপের পোনা সম্পর্কে জান?
আজিম এক পুকুরে প্রচুর মাছ রাখছে ফলনও ভালো
জানি তো। ওর কাছ থেকে ক'দিন পর পোনা কিনব। আলি ভাই আজিমের পুকুরে আগামী দিন আসবে। আমরা সবাই পরামর্শ নিতে যাব


কী করো আজিম?
আরে, আলি ভাই কখন আসলেন? আগামী দিন অনেকেই আপনার সঙ্গে চাপের পোনার ব্যাপারে আলোচনায় বসতে চায়
এভাবে এক জায়গার মাছ ভাগাভাগি করে অন্য জায়গায় দেওয়াকে চাপ কমানো বলে


আলি ভাই কতটুকু জায়গায় কত পোনা রাখা যেতে পারে?
চাপের পোনা ৩০ শতক থেকে ১ একরের পুকুরে করা ভালো। ১০-২০ গ্রামের পোনা মজুদ করলে শতকে ২০০০-১০০০ পোনা চাপে রাখা যায়
তবে ৮০-১০০ গ্রামের পোনা মজুদ করলে শতকে ৩৫০-৩০০ পোনা চাপে রাখা যাবে

**সম্পাদনা:**
নাজনীন খান, প্রকল্প ব্যবস্থাপক, আইএফএসএল; ওয়ার্ল্ডফিশ, বাংলাদেশ

**সার্বিক সহযোগিতায়:**
কাজী আজাদ-উজ-জামান, সিনিয়র মনিটরিং কর্মকর্তা, আইএফএসএল; ওয়ার্ল্ডফিশ, বাংলাদেশ
মোহাম্মদ আবদুল বাতেন ভূঁইয়া, ফিড এন্ড ভ্যালু চেইন স্পেশালিস্ট, ইউএসএআইডি-এআইএন; ওয়ার্ল্ডফিশ, বাংলাদেশ

**অংকন ও সংলাপ:**
কে কিংকর অয়ন

**প্রোডাকশন কো-অর্ডিনেশন ও ব্র্যান্ডিং:**
মোহাম্মদ সোহরাব হোসেন

**প্রকাশকাল:**
মার্চ ২০১৮

**কপিরাইট:**
আইএফএসএল; ওয়ার্ল্ডফিশ, বাংলাদেশ

www.worldfishcenter.org

9 789843 446428

UKaid from the British people

United Purpose Out of poverty

CGIAR RESEARCH PROGRAM ON Fish

WorldFish